# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**17 APRIL 2025** **7:45—7:55 PM**

---

১) লোকসভায় কেন্দ্র শাসিত অঞ্চল আইন সংশোধনী বিল ও সমষ্টির সীমা পুনর নির্ধারণ বিল ২০২৬ নিয়ে আলোচনা অব্যাহত
২) হরিবংশ নারায়ন সিং লাগাতার তৃতীয়বারের জন্য রাজ্যসভার উপ-সভাপতি নির্বাচিত ।

৩) আসামে রান্নার গ্যাসের ঘরুয়া ও বাণিজ্যিক সিলিন্ডার সরবরাহের ক্ষেত্রে কোন অসুবিধার সৃষ্টি হয়নি বলে ভারতীয় তেল নিগম কর্তৃপক্ষের স্পাষ্টিকরণ ।

এবং

৪) বিশেষ ফাষ্টট্র্যাক আদালতে জুবিন গার্গের মৃত্যু মামলার শুনানী অব্যাহত ।

----------------------------------------------------------------------------------

লোকসভায় আজ সকালে সংবিধানের ১৩১ তম সংশোধনী বিল - ২০২৬ , কেন্দ্র শাসিত অঞ্চল আইন সংশোধনী বিল এবং সমষ্টির সীমা পুনর নির্ধারণ বিল - ২০২৬ নিয়ে পুনরায় আলোচনা আরম্ভ হয় । সংসদের নিম্ন কক্ষে গতকাল মধ্যরাত পর্যন্ত এই তিনটি বিল নিয়ে আলোচনা হয় । এই তিনটি বিলের মাধ্যমে দেশের বিভিন্ন রাজ্য ও কেন্দ্রীয় শাসিত আঞ্চলে লোকসভা এবং বিধান সভায় মহিলাদের অংশ গ্রহণ বৃদ্ধি করার বিষয়টি নিশ্চিত করার প্রস্তাব দেওয়া হয়েছে । আলোচনায় অংশ গ্রহণ করে বিরোধী দলনেতা তথা কংগ্রেস সাংসদ রাহুল গান্ধী বলেন যে নারী শক্তি বন্দন অধিনিয়ম মহিলাদের জন্য আসন সংরক্ষণের বিল নয় এবং নারী সবলিকরণের সঙ্গে এর কোন সম্পর্ক নেই । সংসদে এই বিল ৩টি উত্থাপন করে নির্বাচনী মানচিত্র বদলানোর প্রয়াস গ্রহণ করা হয়েছে বলে তিনি দাবী করেন । অন্যদিকে , প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই বিলের বিরোধীতা করা লোকেদের জনসাধারণ কখনো ক্ষমা করবে না বলে মন্তব্য করেন ।

বিল তিনটি নিয়ে বিতর্কে অংশ গ্রহণ করে ডি এম কে সাংসদ কে কানিমাঝি বিলের বিরোধীতা করে , ২০২৩ সালে গৃহিত মহিলা সংরক্ষণ আইনটি সম্পর্কে সরকার গতকাল বিজ্ঞপ্তি জারী করার বিষয়টি উদ্বেগজনক বলে অভিহিত করেন । সংসদে মহিলাদের জন্য সংরক্ষণের বিষয়টি নিয়ে আলোচনা চলাকালীন এধরণের বিজ্ঞপ্তি জারী করার প্রয়োজনীয়তা নিয়ে তিনি প্রশ্ন উত্থাপন করেন । তিনি তামিলনাড়ু সহ দেশের কয়েকটি রাজ্যে নির্বাচন চলাকালীন সময়ে এই বিল উত্থাপন করে নির্বাচনে বিঘ্ন ঘটানো হচ্ছে বলেও অভিযোগ করেন । কংগ্রেস সাংসদ শশী থারুর মহিলাদের জন্য আসন সংরক্ষণের বিষয়টি সম্প্রতি সর্বসম্মত রাজনৈতিক সিদ্ধান্তের দোরগোড়ায় উপস্থিত হয়েছে বলে মত প্রকাশ করেন ।

---

হরিবংশ নারায়ন সিং লাগাতার তৃতীয়বারের জন্য রাজ্যসভার উপ-সভাপতি নির্বাচিত হয়েছেন । সংসদের নেতা জে পি নাড্ডা সংসদের উচ্চ কক্ষের উপ-সভাপতি হিসেবে হরিবংশের নাম প্রস্তাব করার পর তিনি বিনা প্রতিদ্বন্দিতায় লাগাতার তৃতীয়বারের জন্য আজ এই পদে পুনারায় মনোনীত হয়েছেন । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী লাগাতার তৃতীয়বারের জন্য রাজ্যসভার উপ-সভাপতি নির্বাচিত হওয়ার জন্য শ্রী হরিবংশ নারায়ন সিংকে অভিনন্দন জ্ঞাপন করেছেন । এই পদে পুনরায় নির্বাচন তার দীর্ঘদিনের অভিজ্ঞতার স্বিকৃতি বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী তার নেতৃত্বে সংসদের উচ্চ কক্ষ আরো বেশী সক্রিয় হয়ে ওঠার বিষয়টি সবাই প্রত্যক্ষ করেছেন বলে মত প্রকাশ করেন । রাজ্যসভার উপ-সভাপতি হিসেবে তার আগন্তুক নতুন কার্যকালে সব সাংসদদের সামগ্রিক প্রয়াসের মাধ্যমে সভার গ্রহণযোগ্যতা তথা মর্যাদা পূর্বের তুলনায় অধিক বৃদ্ধি পাবে বলেও তিনি আশা প্রকাশ করেন ।

রাজ্যসভার বিরোধী দলনেতা মল্লিকার্জ্জুন খার্গেও নবনির্বাচিত উপ-সভাপতিকে অভিনন্দন জ্ঞাপন করেন ।

---

আসামে রান্নার গ্যাসের ঘরুয়া ও বাণিজ্যিক সিলিন্ডার সরবরাহের ক্ষেত্রে কোন অসুবিধার সৃষ্টি হয়নি বলে ভারতীয় তেল নিগম কর্তৃপক্ষ স্পষ্ট করে দিয়েছে । আজ গুয়াহাটীতে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে অংশগ্রহণ করে ভারতীয় তেল নিগম ( আই ও সি এল )'র কার্যবাহী সঞ্চালক নীতিন ভাটনাগর এই সম্পর্কে বলেন যে রাজ্যের চারটি শোধনাগারেই বর্তমানে নিয়মিত গ্যাসের উৎপাদন তথা সরবরাহ অব্যাহত রয়েছে ।শ্রী ভাটনাগর বলেন -----

বাইট

নতুন করে প্রবর্তন করা ই-কে ওয়াই সি পদ্ধতির মাধ্যমে রাজ্যের ৮৪ শতাংশ গ্রাহকের সিলিন্ডার বুক করার তথ্য প্রকাশ করে শ্রী ভাটনাগর বলেন যে বর্তমানে রাজ্যের ৯৩ লক্ষ গ্রাহককে নিয়মিত জ্বালানী সরবরাহ করা হচ্ছে । নির্ধারিত মূল্য থেকে অধিক দামে সিলিন্ডার বিক্রীর অভিযোগ সম্পর্কে কর্তৃপক্ষ বিজ্ঞপ্তি জারি করেছে বলে উল্লেখ করে তিনি বলেন যে এধরণের অভিযোগের ভিত্তিতে ইতিমধ্যে ৮৮ জন বিতরণকারীকে কারণ দর্শানোর নোটিশ জারি করা সহ ৬ জনকে সাময়িক বরখাস্ত্ করা হয়েছে । অধিক মূল্যে সিলিন্ডার বিক্রী করার অভিযোগে ৩ জনকে গ্রেপ্তার করা হয়েছে বলেওতিনি জানান ।

--------------------------------------------------------------------------------

মণিপুর সরকার রাজ্যটির সাম্প্রতিক পরিস্থিতির পরিপ্রেক্ষিতে ৫ টি উপত্যকা জেলায় মোবাইল ডাটা বন্ধ রাখার সময়সীমা আগামীকাল পর্যন্ত বৃদ্ধি করেছে ।রাজ্যটির আইন শৃঙ্খলা পরিস্থিতির প্রতি লক্ষ্য রেখে ৫ টি উপত্যকা জেলা পশ্চিম ইম্ফাল , পূর্ব ইম্ফাল , কাকচিং , থৌবাল এবং বিষ্ণুপুরে গত ৭ এপ্রিল থেকে এই পরিষেবা বন্ধ রাখা হয়েছে । গতকাল এক বিজ্ঞপ্তিতে এই বন্ধের নির্দেশ পুনরায় দুদিনের জন্য বৃদ্ধি করা হয়েছে ।উল্লেখ্য রাজ্যের বিষ্ণুপুর জেলার ট্রংলাওবি গ্রামের একটি পরিবারের বাসগৃহে গত ৬ এপ্রিল অজ্ঞাতপরিচয় দুষ্কৃতকারীদের বোমা হামলায় দুটি শিশুর মৃত্যু হওয়ার পর রাজ্যে প্রতিবাদমুখর পরিস্থিতির সৃষ্টি হয় । এরপর একাংশ প্রতিবাদকারী মণিপুরের জাতীয় সড়ক ও রাজ্য সড়কগুলিতে অবরোধ গড়ে তুলে । এই ঘটনার পরিপ্রেক্ষিতে রাজ্যের গৃহ বিভাগ মণিপুরে মোবাইল ডাটা তথা ইন্টারনেট সেবা সাময়িক বন্ধ রাখার কথা ঘোষণা করে ।

--------------------------------------------------------------------------------

বিশেষ ফাষ্টট্র্যাক আদালতে জুবিন গার্গের মৃত্যু মামলার শুনানী অব্যাহত রয়েছে । এই মামলাটি কি কি ধারার অধীনে বিচার প্রক্রিয়া চলবে সেই বিষয়টি নিয়ে আজ থেকে সরকারী পক্ষের যুক্তি প্রদান প্রক্রিয়া আরম্ভ হয়েছে । মহাধিবক্তা দেবজিৎ শইকীয়া আজ আদালতে সরকারি পক্ষের যুক্তি প্রদর্শন করেন । রাজ্যের প্রশিকিউশ্যন সঞ্চালক মাখন ফুকনও আজ আদালতে শুনানীর সময় উপস্থিত ছিলেন । পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় মহাধিবক্তা শইকীয়া বলেন যে রাজ্য সরকার বিষয়টি গুরুত্ব সহকারে গ্রহণ করেছে । উল্লেখ্য যে ইতিমধ্যেই এই মামলার চার্জফ্রেম সম্পর্কে অভিযুক্ত পক্ষের অধিবক্তার যুক্তি প্রদান প্রক্রিয়া সম্পূর্ণ হয়েছে । এদিকে জুবিন গার্গের ম্যানেজার সিদ্ধার্থ শর্মার মালিকানাধীন মহাবীর একোয়া নামের জলের ফেক্টরীর ব্যবসা পুনরায় আরম্ভ করার বিষয়টি নিয়ে দাখিল করা একটি আবেদনের শুনানীও আজ

ফাষ্টট্র্যাক আদালত গ্রহণ করেছে । আগামী ২৯ এপ্রিল আদালত এই মামলার রায়দান করবে ।

---

রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী তথা পলাশবারী বিধানসভা আসনের প্রাক্তন বিধায়ক যতীন মালী আজ গৌহাটির একটি বেসরকারী চিকিৎসালয়ে শেষ নিশ্বাস ত্যাগ করেছেন । তার বয়স হয়েছিল ৬৯ । পূর্বের অসম গণ পরিষদ ( এ জি পি ) সরকারের আমলে শিক্ষামন্ত্রী হিসেবে কার্যনির্বাহ করা প্রয়াত মালী এবারের নির্বাচনেও ওই আসনে নির্দল প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দিতায় ছিলেন ।

---

উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষার ফলাফল ২১ শে এপ্রিলের পর ঘোষণা করা হবে বলে আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে । পরীক্ষার ফল আজ ঘোষণা করা হবে বলে প্রচারিত খবর ভূয়ো বলে স্পাষ্টিকরণ দিয়ে শিক্ষা পর্ষদ এই বিজ্ঞপ্তি জারী করেছে । পর্ষদ ছাত্রছাত্রী তথা অভিভাবকদের ভূয়ো খবরে কান না দিতে এবং শুধুমাত্র সরকারী ওয়েবসাইটের তথ্যের ওপর বিশ্বাস রাখার আহ্বান জানিয়েছে । ফলাফল ঘোষণার সঠিক দিন ও সময় পরবর্তীতে জানানো হবে বলে বিজ্ঞপ্তিতে বলা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা থেকে হজ যাত্রার প্রথম দল আজ যাত্রা করেছেন । হাইলাকান্দি হজ যাত্রা কমিটির পক্ষ থেকে জানানো হয়েছে যে এবছর প্রথমবারের মতো জেলা থেকে সরাসরি ট্রেনের ব্যবস্থা করা হয়েছে । উল্লেখ্য চলতি বছর হাইলাকান্দি জেলা থেকে ২২২ জন হজের উদ্দেশ্যে যাত্রা করবেন ।

এদিকে কাছাড় জেলা থেকে এবছর ৪৬৮ জন হজে যাচ্ছেন ।

---

করিমগঞ্জ জেলা কংগ্রেস কমিটির পক্ষ থেকে শ্রীভূমি শহরের বিপীন পাল হাইস্কুলে ভোটের দিন ঘটে যাওয়া হামলার ঘটনায় এখনো পর্য্যন্ত কোন ব্যাক্তি গ্রেপ্তার না হওয়ায় তীব্র ক্ষোভ প্রকাশ করেছে । গত ৯ই এপ্রিল শ্রীভূমি থানায় একটি মামলা দায়ের করা হলেও পুলিশ এখনো পর্য্যন্ত কাউকে গ্রেপ্তার করে নি । জেলা কংগ্রেসের সভাপতি তাপস পুরকায়স্থের নেতৃত্বে একটি প্রতিনিধি দল আজ সিনিয়র পুলিশ সুপারের সঙ্গে সাক্ষাৎ করে দোষীদের গ্রেপ্তারের দাবী জানালে সিনিয়র পুলিশ সুপার

প্রতিনিধি দলকে খুব শীঘ্রই প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা হবে বলে আশ্বস্ত করেন । প্রতিনিধি দলে শুভজিৎ চক্রবর্তী , হাসিনা রহমান চৌধুরী প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

হাইলাকান্দির জেলা আয়ুক্তের ব্যক্তিগত সহকারী বিলাল আহমেদ লস্করের শেষ কৃত্য আজ বড়খলা বিধানসভা কেন্দ্রের বুড়িবাইলে সম্পন্ন হয়েছে । হাইলাকাকান্দির জেলা আয়ুক্ত অভিষেক জৈন , পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন বিভাগের আয়ুক্ত কীর্তি জল্লী , প্রাক্তন অতিরিক্ত আয়ুক্ত এফ আর লস্কর , ভারতীয় জনতা পার্টির জেলা সভাপতি কল্যান গোস্বামী প্রমূখ বিলাল আহমেদের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন । উল্লেখ্য বিলাল আহমেদ লস্কর গতকাল শেষ নি:শ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৫৮ ।

---